



দি সিকিউরিটি প্রিন্টিং করপোরেশন (বাংলাদেশ) লিঃ
গাজীপুর -১৭০৩।

Website: www.spcbl.org.bd.

E-mail: info@spcbl.org.bd.

পোষাকাদি সেলাইয়ের দরপত্র বিজ্ঞপ্তি

করপোরেশনের কর্মকর্তা ও কর্মচারীদের পোষাকাদি সেলাইয়ের জন্য প্রকৃত দর্জি/পোষাক সেলাইকারী প্রতিষ্ঠানের নিকট হতে সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে। ব্যবস্থাপনা পরিচালক, দি সিকিউরিটি প্রিন্টিং করপোরেশন (বাংলাদেশ) লিঃ বরাবরে গাজীপুরস্থ অফিস অথবা ঢাকাস্থ লিয়াজৌ অফিস বাংলাদেশ ব্যাংকের সংলগ্নী ভবন-১, ৮ম তলায় ১৯/০২/২০১৯ তারিখ বিকাল ৪.০০ টার মধ্যে নির্ধারিত বাঞ্ছিত দরপত্র দাখিল করা যাবে অথবা ডাকযোগে কিংবা কুরিয়ার সার্ভিসেও নির্ধারিত সময়ের মধ্যে উল্লেখিত ঠিকানায় পৌঁছানো যাবে; নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত দরপত্র ঐ অবস্থাতেই ফেরত দেয়া হবে। পরবর্তী কার্যদিবসে (২০/০২/২০১৯ তারিখে)বেলা ১১.০০ ঘটিকায় দরদাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দাখিলকৃত দরপত্র শুধু গাজীপুরস্থ কার্যালয়ে খোলা হবে। একটি দরপত্রের বিপরীতে একজন দর্জি/পোষাক সেলাইকারী প্রতিষ্ঠান একটি দর প্রস্তাব/অফার দাখিল করতে পারবেন। দরপত্র সম্পর্কিত নিয়ম ও শর্তাদি সম্বলিত সিডিউল উল্লেখিত স্থান দু'টি থেকে ১০০.০০ (একশত) টাকার বিনিময়ে রবিবার থেকে বৃহস্পতিবার বেলা ১০.০০ টা থেকে বিকাল ৪.০০ টা পর্যন্ত সংশ্লিষ্ট দরদাতা প্রতিষ্ঠানের প্যাডে আবেদনের বিপরীতে ২২/০১/২০১৯ হতে ১৪/০২/২০১৯ তারিখ পর্যন্ত ক্রয় করা যাবে। অপরদিকে করপোরেশনের ওয়েব সাইট থেকে দরপত্র সিডিউল ডাউনলোড করেও তা দ্বারা দরপত্রে অংশগ্রহণ করা যাবে; এক্ষেত্রে লিয়াজৌ অফিস বা করপোরেশনের ক্যাশ কাউন্টারে সিডিউল ক্রয় বাবত ১০০/- (একশত) টাকা জমা দেয়ার রশিদসহ বা ১০০/- টাকার চেক/পে-অর্ডার/ডিডি (নগায়ন হওয়া সাপেক্ষে দরপত্র গ্রহণযোগ্য হবে) দরপত্র দাখিলের সময় তা সংযুক্ত করে দেয়া যাবে। দরপত্রের সাথে আর্নেস্টম্যানি হিসেবে উদ্ধৃত মূল্যের ৩% ব্যাংক ড্রাফট/পে-অর্ডার/ ইরিভোক্বেল ব্যাংক গ্যারান্টি আকারে জমা দিতে হবে। আর্নেস্টম্যানি ও সিডিউল ক্রয়ের রশিদ/চেক/ডিডি ছাড়া কোন দরপত্র গ্রহণযোগ্য হবে না। করপোরেশনের বৃহত্তর স্বার্থে কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র বাতিল অথবা গ্রহণ করার ক্ষমতা সংরক্ষন করেন।

(রশিদ আহমেদ)

মহাব্যবস্থাপক(স্থান: ক্রয়-বিক্রয়)

ফোন ৮৮-০২-৯২০৫১০৩